143

দৈনিক সংবাদ

তারিখ 26 FEB 1998
পৃষ্ঠা ৫ কলাম ৬

ফেনী মেডিক্যাল কলেজ

# অধ্যক্ষসহ ৪ জনের বিরুদ্ধে দুর্নীতির মামলা

ফেনী, ২৫শে ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– তিন কোটি টাকা আত্মসাতের অভিযোগে ফেনী মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ ৪ জনের বিরুদ্ধে ফেনী জেলা দুর্নীতি দমন সংস্থা মামলা দায়ের করেছে। গত সোমবার রাতে দুর্নীতি দমন সংস্থার কর্মকর্তা মোহাম্মদ ইসলাম বাদি হয়ে ফেনী থানায় মামলাটি দায়ের করেন। মামলার আসামিরা হচ্ছেন ফেনী মেডিক্যাল কলেজের প্রকল্প পরিচালক ও অধ্যক্ষ ডাঃ মুজিবুল হক, উপাধ্যক্ষ ডাঃ মাহবুবুল হক চৌধুরী, কলেজ ও হাসপাতাল স্থাপনা প্রস্তুতি কমিটির চেয়ারম্যান ডাঃ মুলকুতের রহমান ও অধ্যক্ষ পত্নী ডাঃ শাহিনা নাজনীন।

মামলার অভিযোগে বলা হয়, '৯২ সালের ১০ই জুন ফেনী বেসরকারি মেডিক্যাল কলেজ স্থাপনা কমিটির এক বৈঠকে ছাত্র ভর্তির সিদ্ধান্ত নেয়ার পর '৯২-৯৩ শিক্ষাবর্ষে ছাত্র প্রতি দেড় লাখ টাকা ভর্তি ও ২০০০ টাকা টিউশন পি নিয়ে ২৬ জন ছাত্র ভর্তি করা হয়। ছাত্রছাত্রী ভর্তি ও কলেজ চালুর পর কলেজ কর্তৃপক্ষ 'কলেজ স্থাপনের' অনুমতি চেয়ে সরকারের কাছে প্রস্তাব পাঠায়। কিন্তু সরকার কলেজ স্থাপনের অনুমতি না দেয়া সত্ত্বেও কলেজ কর্তৃপক্ষ ভুয়া ও মিথ্যা বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে পরবর্তী বছরে ৩৯ জন, '৯৫ সালে ৪৪ জন ও '৯৬ সালে ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করে এবং ছাত্রপ্রতি ভর্তি ফি নেয়া হয় ২ লাখ টাকা করে।

'৯৬ সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এক পত্রে– 'এক বছরের মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অনুমোদন, বিএমডিসির অনুমোদন, ২৫০ শয্যার হাসপাতাল স্থাপন ও কলেজের নামে কয়েক একর জমি ক্রয়ে'র শর্তে এক বছরের জন্য ফেনী মেডিক্যাল কলেজকে অনুমোদন প্রদান করে। অথচ কোন শর্ত পূরণ না করেই কলেজ কর্তৃপক্ষ ছাত্রছাত্রী ভর্তি অব্যাহত রাখে। অভিযোগে উল্লেখ করা হয়, প্রতারণার শিকার হয়ে ফেনী বেসরকারি মেডিক্যাল কলেজে ভর্তি হওয়া ছাত্রছাত্রীরা ডাক্তার হিসেবে কখনোই স্বীকৃতি পাবে না। কারণ বিএমডিসি, ভার্সিটি ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের কোন অনুমোদন নেই 'এ কলেজের'।

মামলার অভিযোগে বলা হয়, '৯২-র জুন থেকে '৯৬-র নভেম্বর পর্যন্ত ছাত্রছাত্রী ভর্তি ও টিউশন ফি বাবদ কলেজ কর্তৃপক্ষ ২ কোটি ৯৯ লাখ ৫১ হাজার ৪শ' ৫২ টাকা অবৈধভাবে গ্রহণ ও আত্মসাৎ করেছে।